হারাধনের চালাকির পরিচয় দাও। কিভাবে তার চালাকি ফাঁস হয়ে গিয়েছিল?

উঃ:-বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা 'রোগের চিকিৎসা 'নাটকটি বেশ কৌতুকপূর্ণ ।হারাধন ডাক্তার সাহেবের আস্থাবল থেকে হাঁসের ডিম চুরি করতে গিয়ে খানার মধ্যে পড়ে পা ভাঙে। বাবার কাছে সে পা ভাঙার কারণ গোপন করে। সে আসল কথা বলতে চায় না। সে ঠিক করে একটি গোটা হার চুরি করবে যাতে সে বাড়িতে বসেই ডিম পেতে পারে। এবার সে হাতটিকে চুরি করে পেটের মধ্যে ঝুলতে থাকা থলির মধ্যে লুকিয়ে রেখেছিল। এদিকে হারুর বাবা দেখে হারাধনের পেট ফুলে গেছে এবং পেটের ভেতর থেকে ক্যাক ,ক্যাক করে আওয়াজ হচ্ছে। তখন সে চালাকি করে বলে গতকাল সে তালের বড়া খেয়েছিল তাই পেটের ভিতর নাড়ী গুলো ডাকছে।

হারাধনের বাবা তার চালাকি ধরে ফেলেছিল এবং তাকে হাসপাতালে নিয়ে যাওয়ার সিদ্ধান্ত নিল ।ডাক্তার সাহেব রোগীর আসল কারণ বুঝতে পেরেছিল এবং বললে হারাধনের চুরি ব্যামো হয়েছে তাই তার পেটে ছুরি চালাবেন। এ কথা শুনে হারাধন ভয় পেয়ে পেটের মধ্যে থেকে হাঁসটিকে বের করে ডাক্তার বাবুকে দিয়ে দেয়। এভাবেই তার চালাকি ফাঁস হয়ে গিয়েছিল।